

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone : (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

PRESS RELEASE

08 February 2013

Bangladesh Ambassador discusses GSP issue with Senator Vitter

Bangladesh Ambassador to United States of America Mr. Akramul Qader today met with Republican Senator from Louisiana Mr. David Vitter at his Louisiana office to discuss issues of mutual interest between Bangladesh and the USA.

The Ambassador briefed him, among other issues, about the various aspects including the problems and potentials of trade between Bangladesh and the USA. Given the ongoing debate on Bangladesh's eligibility to continue to avail GSP benefit, he particularly focused on the rationale to retain the facility and the appalling consequence it may invite should the facility is withdrawn or even restricted. He updated the Senator about the labour compliance situation in Bangladesh and the progress the country has made in this area in the overall framework of rule of law creating opportunities for the disadvantaged section of the society, particularly the women. Ambassador Qader mentioned to Mr. Vitter that it is the 3.8 mn women workforce who will be the worst affected if there is any negative growth in export of RMG and any unfavorable decision on GSP may have an adverse impact on export of Bangladeshi apparels to US and EU – the two main destinations of Bangladeshi garments. The Ambassador called upon the Senator to extend support so that no undesirable decision is taken with regard to GSP facility extended to Bangladesh.

Senator Vitter, who is known to be a conservative reformer, assured the Ambassador that he would try, in any way he can, to help Bangladesh on this particular issue. He also informed that he would discuss the matter with a positive note with his colleagues in the Senate.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC 20008, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone : (202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
2210 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

০৮ ফেব্রুয়ারী ২০১৩

সিনেটর ভিটার -এর সাথে বাংলাদেশের রাষ্ট্রদূতের জিএসপি নিয়ে আলোচনা।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের আজ রিপাবলিকান সিনেটর ডেভিড ভিটার-এর সাথে তাঁর লুইজিয়ানাছ দপ্তরে এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সাক্ষাতকালে রাষ্ট্রদূত বাংলাদেশ ও যুক্তরাষ্ট্রের মধ্যকার দ্বিপাক্ষিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন।

জনাব আকরামুল কাদের বাংলাদেশ-যুক্তরাষ্ট্র বানিজ্য ক্ষেত্রে বিদ্যমান নানাবিধ সমস্যা ও সম্ভাবনার বিষয়ে সিনেটর ভিটার-কে অবহিত করেন। এসময় তিনি বাংলাদেশের জন্য যুক্তরাষ্ট্র প্রদত্ত জিএসপি সুবিধা অব্যাহত রাখা নিয়ে চলমান বিতর্কের বিষয়টির অবতারণা করেন। তিনি বিদ্যমান জিএসপি সুবিধা অব্যাহত রাখার পক্ষে যুক্তি দিয়ে এ সুবিধা বাতিল বা সীমিত করণের সম্ভাব্য নেতিবাচক ফলাফল সম্পর্কে আলোকপাত করেন। এ সময় তিনি শ্রমিকদের কল্যাণে সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপের পাশাপাশি আইনের শাসনের আওতায় দেশটির সুবিধাবঞ্চিত শ্রেণী বিশেষত, নারীদের উন্নয়নের ক্ষেত্রে অর্জিত ব্যাপক সাফল্যের কথা তুলে ধরেন। রাষ্ট্রদূত জানান, বাংলাদেশের রপ্তানি আয়ের সিংহভাগ অর্জিত হয় যুক্তরাষ্ট্র এবং ইউরোপীয় ইউনিয়ন-এ প্রেরিত তৈরি পোশাক থেকে

এবং দেশটির প্রায় ৩৮ লক্ষ নারী সরাসরি উক্ত শিল্পে নিয়োজিত রয়েছে। এমতাবস্থায় জিএসপি বিষয়ে যেকোনো নেতিবাচক সিদ্ধান্ত দেশটির রপ্তানি বানিজ্যে বড় ধরনের প্রভাব ফেলবে যার নিশ্চিত শিকার হবে এসকল নারী শ্রমিক। রাষ্ট্রদূত কাদের তাই বাংলাদেশের জন্য জিএসপি সুবিধা অব্যাহত রাখার বিষয়ে সিনেটর ভিটার -এর সমর্থন কামনা করেন।

সিনেটর ভিটার, যিনি একজন রক্ষণশীল সংস্কারক হিসেবে পরিচিত, বাংলাদেশ-কে এ ক্ষেত্রে সম্ভাব্য সকল সহযোগিতা প্রদানের আশ্বাস দেন। এছাড়া তিনি বিষয়টি সিনেটে তাঁর সহকর্মীদের সঙ্গে ইতিবাচক ভাবে আলোচনা করবেন বলেও জানান।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি, ফোনঃ ২০২-২৪৪-৫০৭১, ফ্যাক্সঃ ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০, ইমেইলঃ pressministerwash@yahoo.com